

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৭৭

२৫/ ि विकि९ (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২০. রক্তমোক্ষণ

بَابِ الْحِجَامَةُ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا زِيَادُ بْنُ الرَّبِيعِ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ مَنْصُورٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - قَالَ " مَا مَرَرْتُ لَيْلَةَ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - قَالَ " مَا مَرَرْتُ لَيْلَةَ أُسْرِيَ بِي بِمَلاٍ مِنَ الْمَلاَئِكَةِ إِلاَّ كُلُّهُمْ يَقُولُ لِي عَلَيْكَ يَا مُحَمَّدُ بِالْحِجَامَةِ " .

বাংলা

২/৩৪৭৭। ইবনে আব্বাস থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মিরাজের রাতে আমি ফেরেশতাদের যে দলকেই অতিক্রম করেছিলাম, তাদের সকলে আমাকে বলেছেন, হে মুহাম্মাদ! আপনি অবশ্যই রক্তমোক্ষণ করবেন।

English

It was narrated from Ibn 'Abbas that the Messenger of Allah (ﷺ) said: "On the night on which I was taken on the Night Journey (Isra'), I did not pass by any group of angels but all of them said to me: 'O Muhammad, you should use cupping.'"

ফুটনোট

তিরমিয়ী ২০৫৩, সহীহাহ ২২৬৩, মিশকাত ৪৫৪৪। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আব্বাদ বিন মানসুর সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি ইকরিমাহ থেকে হাদিস শ্রবন করেননি অথচ তিনি তার থেকে একাধিক হাদিস বর্ণনা করেছেন। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়ায় মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০৯৩, ১৪/১৫৬



নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন